The Bangladesh Monitor - A Premier Travel Publication

# সেন্টমার্টিনের ইপিআর ডিরেক্টিভের খসড়া প্রকাশ

- A Monitor Desk Report | Date: 25 November, 2025




**ঢাকা:** পরিবেশগতভাবে সংকটাপন্ন সেন্টমার্টিন দ্বীপে অনিয়ন্ত্রিত পর্যটন নিয়ন্ত্রণ, পরিবেশ সুরক্ষা এবং টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করতে প্রস্তুতকৃত সেন্টমার্টিন মাস্টার প্ল্যানের খসড়া পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ওয়েব পোর্টালের নোটিশ বোর্ডে (www.moefcc.gov.bd) সর্বসাধারণের জন্য উন্মুক্ত করা হয়েছে।

সোমবার (২৪ নভেম্বর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, খসড়া মাস্টার প্ল্যানের ওপর আগামী ২০ ডিসেম্বরের মধ্যে সংশ্লিষ্ট সব মন্ত্রণালয়, দপ্তর, সংস্থা, জনসাধারণ ও অংশীজনদের env2@moefcc.gov.bd এই ইমেইলে লিখিত মতামত পাঠানোর অনুরোধ জানানো হয়েছে।

এ ছাড়া উৎপাদনকারীর সম্প্রসারিত দায়িত্ব (ইপিআর) বিষয়ক নির্দেশনা এবং প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা ২০২৫-এর প্রস্তুতকৃত খসড়ার ওপরও আগামী ২০ ডিসেম্বর ২০২৫-এর মধ্যে env3@moefcc.gov.bd ইমেইলে সব মন্ত্রণালয়, দপ্তর, সংস্থা, জনসাধারণ ও অংশীজনদের মতামত পাঠানোর আহ্বান জানানো হয়েছে বিজ্ঞপ্তিতে।

মন্ত্রণালয় আশা করছে, সংশ্লিষ্ট সবার অংশগ্রহণ ও মতামতের ভিত্তিতে দেশের গুরুত্বপূর্ণ উপকূলীয় ও পরিবেশগত সম্পদ সেন্টমার্টিন দ্বীপ রক্ষা এবং প্লাস্টিক বর্জ্য সমস্যা মোকাবিলায় একটি কার্যকর ও বাস্তবসম্মত পরিকল্পনা চূড়ান্ত করা সম্ভব হবে।

-B